অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 11/9/2022 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল প্রাণী আশ্রয়কেন্দ্র উন্নয়নকে সমর্থন করতে প্রায় 5 মিলিয়ন মার্কিন ডলার প্রদানের ঘোষণা করলেন

সহচর প্রাণী ক্যাপিটাল তহবিলের চতুর্থ রাউন্ড প্রাণী আশ্রয়কেন্দ্রের নির্মাণ, সংস্কার এবং সম্প্রসারণকে সমর্থন করা অব্যাহত রাখবে

2022 অনুদানপ্রাপ্তরা আশ্রয়কেন্দ্রে তাহা প্রাণীদের উন্নত থাকার স্থান ও চিকিৎসা সেবা প্রদান করবে

কর্মসূচিটি অর্থবছর 2023 প্রণীত বাজেটের মাধ্যমে পঞ্চম রাউন্ডের জন্য ব্যাপক বৃদ্ধি পাবে

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করলেন যে নিউ ইয়র্ক স্টেট সহচর প্রাণী ক্যাপিটাল তহবিলের (New York State Companion Animal Capital Fund) চতুর্থ রাউন্ডের মাধ্যমে 17টি অলাভজনক প্রাণী আশ্রয়কেন্দ্র ও হিউমেন সোসাইটিগুলিকে প্রায় 5 মিলিয়ন মার্কিন ডলার প্রদান করা হয়েছে। তহবিল প্রাণীসেবা প্রদান করবে এমন নির্মাণ, সংস্কার এবং সম্প্রসারণ প্রকল্পসমূহকে সমর্থন করবে। দেশের মধ্যে প্রথম হিসেবে প্রাণী আশ্রয়কেন্দ্রের ক্যাপিটাল প্রকল্প অর্থায়িত করে নিউ ওয়ার্ক স্টেট আশ্রয়কেন্দ্রের কুকুর ও বিড়াল যখন দত্তকের জন্য অপেক্ষা করছে তখন তাদের জন্য নিরাপদ থাকার স্থান ও সেবা নিশ্চিত করতে এর প্রতিশ্রুতি প্রদর্শন করে যাচ্ছে, যার মধ্যে রয়েছে 2023 অর্থবছরের প্রণীত বাজেটে (Enacted Budget) কর্মসূচিটির পঞ্চম রাউন্ডের জন্য বর্ধিত বরাদ্দ।

"নিউ ইয়র্কের সহচর প্রাণী ক্যাপিটাল তহবিলটি পুরো স্টেটের আশ্রয়কেন্দ্র এবং হিউমেন সোসাইটিগুলির জন্য একটি সত্যিকারের পার্থক্য গড়ে দেয়, তাদেরকে অতিগুরুত্বপূর্ণ উন্নয়নকাজ করতে দেয় যার পরিণামে নিজেদের চিরদিনের বাড়ির অপেক্ষায় থাকা আমাদের কুকুর ও বিড়ালদের আরো ভালো যত্ন নেওয়া যায়," **গভর্নর হোকল বলেন।** "আমি ইতিহাসে প্রথমবারের মতো এই বছর আমার নির্বাহী বাজেটে (Executive Budget) এই কর্মসূচির জন্য তহবিল যোগ করতে পেরে গর্বিত, এবং আমার প্রশাসন আশ্রয়কেন্দ্রে র কুকুর ও বিড়ালকে নিরাপদ রাখতে কাজ করে এমন মহান সংগঠনগুলিকে সমর্থন করা অব্যাহত রাখবে।"

2017 সালে কৃষি ও বাজার বিভাগ (Department of Agriculture and Markets) দ্বারা পরিচালিত হওয়া সহচর প্রাণী ক্যাপিটাল তহবিল শুরু হওয়ার পর থেকে স্টেট 57টি প্রকল্পের জন্য 20 মিলিয়ন মার্কিন ডলার প্রদান করেছে। এই বছর, গভর্নর হোকল সহচর প্রাণী ক্যাপিটাল তহবিলকে তার প্রস্তাবিত নির্বাহী বাজেটে অন্তর্ভুক্ত করেছেন, যা এই কর্মসূচির জন্য প্রথম এবং এটি নিউ ইয়র্কের সহচর প্রাণীদের প্রতি তার প্রতিশ্রুতি প্রদর্শন করে। অর্থবছর 2023-র প্রণীত নিউ ইয়র্ক স্টেট বাজেটে কর্মসূচিটি পরবর্তী রাউন্ডের জন্য ঐতিহাসিক 8 মিলিয়ন মার্কিন ডলার পেয়েছে।

তহবিলের চতুর্থ রাউন্ডটি পূর্ববর্তী উদ্যোগসমূহকে অগ্রসর করে নিউ ইয়র্ক স্টেটের প্রাণী আশ্রয়কেন্দ্রগুলি দ্বারা চালিত ক্যাপিটাল প্রকল্পসমূহের সাথে সংশ্লিষ্ট ব্যয় বহনের জন্য। এই বছরে অর্থায়িত প্রকল্পসমূহের মধ্যে রয়েছে অতিরিক্ত বিড়ালের জন্য নতুন থাকার স্থান, নতুন মেডিকেল ফ্যাসিলিটি, এবং অতিরিক্ত কুকুরের ঘর যোগ করতে আশ্রয়কেন্দ্রের সংস্কার।

নিউ ইয়র্ক স্টেটের কৃষি ও বাজার বিভাগ অনুদানপ্রাপকদের বাছাই করে একটি চাহিদা যাচাই, বিস্তারিত প্রকল্পের বর্ণনা, এবং খরচের যৌক্তিকতার উপর নির্ভর করে। এছাড়াও এই কর্মসূচির গুরুত্ব উপলব্ধি করে, প্রথমবারের মতো এই বছর স্টেট পূর্বে এই তহবিল থেকে অনুদান পাওয়া আশ্রয়কেন্দ্রগুলিকে যদি তাদের প্রকল্পের কাজ শেষ করে থাকে তাহলে তাদের এবং একইসাথে সুবিধাবঞ্চিত অঞ্চলে সেবাদানকারী মিউনিসিপ্যাল চুক্তিবিহীন আশ্রয়কেন্দ্রগুলিকে যোগ্য বিবেচনা করবে।

নিচের আশ্রয়কেন্দ্রগুলি কর্মসূচির এই রাউন্ডে অর্থলাভ করেছে:

ক্যাপিটাল রিজিয়ন

- *স্কেনেকট্যাডির অ্যানিমেল প্রোটেকটিভ ফাউন্ডেশন (Animal Protective Foundation of Schenectady)*: 492,563 মার্কিন ডলার মেডিকেল সরবরাহ, টাইলের মেঝে, নতুন বিচ্ছিন্নকরণ স্থান, এবং কুকুরের ঘরের জন্য বর্ধিত ধারণক্ষমতার জন্য।
- *মোহক এবং হাডসন হিউমেন সোসাইটি (Mohawk & Hudson Humane Society):* 500,000 মার্কিন ডলার একটি নতুন পশুচিকিৎসা স্যুইটের জন্য যেখানে অসুস্থ কুকুরকে সুস্থ কুকুর থেকে পৃথক রাখা যাবে।
- *সুপার হিরোজ ইন রিপড জিন্স (Super Heroes in Ripped Jeans):* 440,347 মার্কিন ডলার একটি সম্প্রতি ক্রয়কৃত ভবনের সংস্কারের জন্য যাতে কুকুর ও বিড়াল উভয় রাখার ধারণক্ষমতা বৃদ্ধি করা যায় এবং একইসাথে বিড়ালের একটি কন্ডো ও বিচ্ছিন্নকরণ স্থান বর্ধিত করা যায়।
- *সাসকুয়েহানা প্রাণী নৃশংসতা প্রতিরোধ সোসাইটি (Society for the Prevention of Cruelty to Animals, SPCA):* 143,289 মার্কিন ডলার পশুচিকিৎসা সরঞ্জাম ক্রয়ের জন্য যার মধ্যে থাকবে একটি স্টেশনারি রেডিওগ্রাফ মেশিন, একটি ডেন্টাল রেডিওগ্রাফ মেশিন, লেজার থেরাপির সরঞ্জাম, এবং সার্জিক্যাল সতর্কতা যন্ত্রাদি যাতে প্রাণীদের উন্নত চিকিৎসাসেবা প্রদান করা যায়।

হাডসন ভ্যালি

- *ওয়েস্টচেস্টার হিউমেন সোসাইটি (Humane Society of Westchester):* 125,000 মার্কিন ডলার আউটডোরের কুকুরের দৌড়ানোর স্থান, কুকুর পার্কের একটি রিটেইনিং দেওয়াল, এবং বিড়ালের স্থানের জন্য নতুন খাঁচা ও মেঝে রিসার্ফেস করার জন্য।
- *পজ ক্রসড অ্যানিমেল রেসকিউ, ইনকর্পোরেশন (Paws Crossed Animal Rescue, Inc.):* 200,000 মার্কিন ডলার একটি নতুন দত্তক এলাকা, বিড়ালের ঘর এবং দেখা করার ঘরের জন্য। সেই সাথে একটি পশুচিকিৎসার ক্লিনিকের স্থান, কমিউনিটি কক্ষ এবং কর্মীদের অফিসের পরিকল্পনাও রয়েছে।
- *সালিভ্যান কাউন্টি SPCA:* 100,000 মার্কিন ডলার একটি HVAC ব্যবস্থা, নতুন কুকুরের ঘরের গেট, দরজা, এবং বেড়ার জন্য যা প্রাণীদের স্বাস্থ্য, নিরাপত্তা ও আরামকে সমর্থন করবে।
- *আলস্টার কাউন্টি SPCA:* 250,510 মার্কিন ডলার তাদের কুকুরের ঘরের স্থানকে সম্পূর্ণ সংস্কার এবং একইসাথে নতুন রং ও নতুন মেঝের জন্য।

লং আইল্যান্ড

- *হ্যাম্পটনসের অ্যানিমেল রেসকিউ ফান্ড (Animal Rescue Fund of the Hamptons):* 200,000 মার্কিন ডলার একটি নতুন প্রেসার ওয়াশিং ব্যবস্থা, এবং HVAC ব্যবস্থার জন্য যাতে প্রাণী স্বাস্থ্য, নিরাপত্তা ও আরামকে সমর্থন করা যায়।
- *বিডাউই, ইনকর্পোরেশন (Bidawee, Inc):* 200,000 মার্কিন ডলার একটি একদম নতুন, অত্যাধুনিক HVAC ব্যবস্থা।
- *ব্রুকহাভেন টাউন:* 146,500 মার্কিন ডলার আশ্রয়কেন্দ্রের সংস্কারের জন্য যাতে অতিরিক্ত কুকুরের ঘর, খাদ্য তৈরির নিবেদিত স্থান, এবং দেখা করার একটি স্থান যোগ করা যায়।
- *হেম্পসটিড টাউন:* 52,000 মার্কিন ডলার আশ্রয়কেন্দ্রের হালনাগাদকরণ ও উন্নয়নের জন্য যার মধ্যে আরো ভালো ড্রেনেজ ও আলোর ব্যবস্থা থাকবে।

নর্দার্ন নিউ ইয়র্ক

- *জেফারসন কাউন্টি SPCA:* 189,767 মার্কিন ডলার অসুস্থ ও আহত প্রাণীদের জন্য একটি নতুন পশুচিকিৎসা অংশে সেবা সম্প্রসারণের জন্য। এর ফলে দাঁতের চিকিৎসা, অস্ত্রোপচার, অস্ত্রোপচারের পূর্বের সেবা, অস্ত্রোপচার পরের সেবা, এবং আহত পোষা প্রাণীদের চিকিৎসার একটি স্থান তৈরি করা যাবে।

ওয়েস্টার্ন নিউ ইয়র্ক

- *শ্যাটাকোয়া কাউন্টি হিউমেন সোসাইটি (Chautauqua County Humane Society):* 159,677 মার্কিন ডলার বর্ধিত নিরাপত্তা, জানালা প্রতিস্থাপন, একটি HVAC ব্যবস্থা, এবং জেনারেটর সম্প্রসারণের জন্য।
- *হর্নেল এরিয়া হিউমেন সোসাইটি (Hornell Area Humane Society):* 346,875 মার্কিন ডলার একটি বিড়ালের স্থানের সম্প্রসারণ, এবং কুকুরের আচরণ ও প্রশিক্ষণ সেশনের স্থানের সম্প্রসারণের জন্য। অতিরিক্ত স্থান সমূহ সংস্কার করা হবে, যার মধ্যে রয়েছে একটি নতুন খাদ্য প্রস্তুতির স্থান এবং জিনিসপত্র পরিষ্কার করার একটি পৃথক স্থান।
- *পেট প্রাইড অফ নিউ ইয়র্ক (Pet Pride of New York):* 200,000 মার্কিন ডলার সংস্কারকাজ এবং আশ্রয়কেন্দ্রে একটি নতুন অংশ সংযোজনের জন্য, যার মধ্যে থাকবে ইনটেক, বিচ্ছিন্নকরণ, পশুচিকিৎসার স্থান এবং একইসাথে একটি ইউটিলিটি কক্ষ, কর্মীদের বিশ্রামঘর এবং কর্মীদের বিরতি নেওয়ার স্থান।
- *টেন লাইভস ক্লাব (Ten Lives Club):* 200,000 মার্কিন ডলার তাদের বিড়ালদের জন্য আশ্রয়কেন্দ্রের সম্প্রসারণ এবং উন্নয়নের জন্য। চারটি নতুন থাকার স্থান অতিরিক্ত বিড়ালকে জায়গা প্রদান করবে, এবং HVAC ব্যবস্থার সংযোজন পরিচ্ছন্ন বাতাস প্রদান করবে।

নিউ ইয়র্ক স্টেটের কৃষি কমিশনার রিচার্ড এ. বল বলেন, "এই কর্মসূচির দ্বারা অর্থায়িত সংস্কার কাজ শেষ করা আশ্রয়কেন্দ্রগুলি পরিদর্শনের মাধ্যমে, আমরা দেখেছি যে নিউ ইয়র্কের সহচর প্রাণী ক্যাপিটাল তহবিলটি আশ্রয়কেন্দ্রের প্রাণীদের স্থায়ী বাসা খুঁজে পাওয়ার আগপর্যন্ত তাদের যত্নে কী প্রভাব ফেলে। আমি গভর্নরকে এবং আমাদের অ্যাসেম্বলিসদস্য ও সিনেটরদেরকে ধন্যবাদ জানাতে চাই এই অতি গুরুত্বপূর্ণ কর্মসূচি যাতে তহবিল পেতে থাকে তা নিশ্চিত করার জন্য। এই বছরের স্টেট বাজেটে এর জন্য উপলভ্য থাকা তহবিলের কল্যাণে, আমরা সহায়তা প্রদানের জন্য এবং তাদের কাছে থাকা প্রাণীদের আরো ভালো সমর্থন প্রদানের জন্য আরো বেশি সংখ্যক আশ্রয়কেন্দ্রকে বাছাই করতে পারবো।"

স্টেটের সিনেটর মিশেল হিঞ্চি বলেন, "নিউ ইয়র্কে থাকা প্রতিটি প্রাণী একটি নিরাপদ ও যত্নশীল আশ্রয়কেন্দ্রে থাকার যোগ্য, যখন তারা তাদের চিরদিনের বাড়ির জন্য অপেক্ষা করে। সহচর প্রাণী ক্যাপিটাল তহবিলের একজন শক্ত সমর্থক হিসেবে, আমি গর্বিত যে পুরো স্টেটের, কিন্তু বিশেষ করে আমাদের জেলার, এতো বেশি যোগ্য আশ্রয়কেন্দ্র এমন প্রকল্পের জন্য উল্লেখযোগ্য বিনিয়োগ পেয়েছে যা তারা যেই প্রাণীদের সেবাদান করে তাদের জীবন উন্নত করবে এবং তাদের সফল দত্তকের ব্যবস্থা করবে।"

স্টেট সিনেটর জোসেফ পি. অ্যাডাবো জুনিয়র বলেন, "আমাদের অলাভজনক প্রাণী আশ্রয়কেন্দ্রসমূহ এবং হিউমেন সোসাইটিগুলির জন্য এই পর্যায়ের তহবিল নিউ ইয়র্কে প্রাণীসেবা দারুণভাবে বিস্তৃত করবে। এটি দত্তকের জন্য অপেক্ষায় থাকা বিড়াল, কুকুর ও অন্যান্য প্রাণীদের জীবনে একটি ইতিবাচক পরিবর্তন আনবে। আমি সরকারে আমার সহকর্মীদের পাশে দাঁড়িয়ে এই দারুণ কাজের জন্য এই অর্থ বরাদ্দ করতে পেরে গর্বিত।"

অ্যাসেম্বলি সদস্য ডোনা লুপার্ডো বলেন, "আমি অত্যন্ত আনন্দিত যে অনেকগুলি প্রাণী আশ্রয়কেন্দ্র আমাদের সহচর প্রাণী ক্যাপিটাল তহবিল পাচ্ছে যা তাদের প্রাপ্য। আমার কমিটি নিয়মিতভাবে সম্প্রসারণ, সংস্কার বা নতুন আশ্রয়কেন্দ্রের ফ্যাসিলিটি নির্মাণের সহায়তায় তহবিল প্রদানকে অগ্রাধিকার দিয়েছে। আমি নিজে আমার স্থানীয় আশ্রয়কেন্দ্র থেকে একাধিক বিড়াল দত্তক নিয়েছি, তাই আমি তাদের কাজের এবং গৃহহীন পশুদের তারা যেই যত্ন প্রদান করে তার একজন বড় সমর্থক। আমাদের এই দেশের মধ্যে সর্বপ্রথম তহবিলটি এমন একটি মডেল যা নিয়ে আমরা সকলেই গর্ব করতে পারি।"

অ্যাসেম্বলি সদস্য ডেবোরাহ জে. গ্লিক বলেন, "সহচর প্রাণী ক্যাপিটাল তহবিলটি আমাদের স্টেটের প্রাণী আশ্রয়কেন্দ্রসমূহের জন্য একটি অতি গুরুত্বপূর্ণ বিনিয়োগ। আমি এই অত্যাবশ্যকীয় তহবিলের জন্য গভর্নর হোকলের প্রশংসা করছি যা নিশ্চিত করে যে আমাদের যেসব কুকুর, বিড়াল এবং অন্যান্য প্রাণীদের প্রয়োজন সর্বাধিক, তাদেরকে যাতে তাদের চিরদিনের বাড়ির জন্য অপেক্ষারত অবস্থায় মানবিকতার সাথে রাখা হয়। পুরো স্টেটের প্রাণী আশ্রয়কেন্দ্রগুলির নিবেদিত কর্মী ও স্বেচ্ছাসেবকেরা অসাধারণ যত্ন ও সহানুভূতি প্রদর্শন করে এবং এই তহবিল নিশ্চিত করবে যাতে আশ্রয়কেন্দ্রের ক্যাপিটাল চাহিদা পূরণ করা হয়। এই তহবিল ছাড়া আশ্রয়কেন্দ্রগুলির জন্য প্রতিদিন প্রাণীদের দারুণ যত্ন ও সমর্থন প্রদান করা কষ্টসাধ্য হয়ে যাবে।"

নিউ ইয়র্ক প্রাণী সুরক্ষা ফেডারেশনের (New York Animal Protection Federation) নির্বাহী পরিচালক লিবি পোস্ট বলেন, "তহবিল পুরো স্টেটের আশ্রয়কেন্দ্রগুলির জন্য একটি দারুণ পরিবর্তন নিয়ে এসেছে। এই বছরের, অর্থবছর 2023 বাজেটে তহবিলের জন্য 8 মিলিয়ন মার্কিন ডলার রয়েছে যা বিগত বাজেটের তুলনায় 50 শতাংশেরও বেশি। আমরা গভর্নর হোকলের প্রতি অত্যন্ত কৃতজ্ঞ তার বাজেট প্রস্তাবনায় 5 মিলিয়ন মার্কিন ডলার অন্তর্ভুক্ত করার জন্য, যা প্রথমবারের মতো নির্বাহী বাজেটে অন্তর্ভুক্ত করা হয়েছে, এবং আমাদের আইনসভার চ্যাম্পিয়নগণ, অ্যাসেম্বলিসদস্য ডেবোরাহ গ্লিক ও স্টেট সিনেটর জোসেফ অ্যাডাবোর প্রতি অত্যন্ত কৃতজ্ঞ অতিরিক্ত 3 মিলিয়ন মার্কিন ডলার নিশ্চিত করার জন্য। তহবিল পুরো নিউ ইয়র্কে গৃহহীন সহচর প্রাণীদের যত্নের মানদণ্ড উন্নত করা অব্যাহত রাখবে এবং জাতির জন্য নতুন মানদণ্ড স্থাপন করবে।"

নিউ ইয়র্ক স্টেটের প্রাণী সুরক্ষা ফেডারেশন অনুযায়ী, বার্ষিক 150,000 প্রাণীকে অলাভজনক ও মিউনিসিপ্যালিটি দ্বারা পরিচালিত আশ্রয়কেন্দ্র ও হিউমেন সোসাইটিগুলিতে আনা হয়। নিউ ইয়র্ক স্টেট সহচর প্রাণী ক্যাপিটাল তহবিলটি এই সংগঠনগুলিকে সাহায্য করবে যাতে তারা স্থানীয় সম্প্রদায়সমূহে আশ্রয়কেন্দ্রের সেবাদান করে যেতে পারে, প্রাণীদের জন্য আরো ভালো সেবাদানের প্রসার করতে পারে এবং আরো দত্তকের ব্যবস্থা করতে পারে।

###